

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
 নগর উন্নয়ন অধিদপ্তর
 আরবান প্ল্যানিং
 www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৫১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯

২৬ মে ২০২২

বিষয়: রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের রাজশাহী সিটি কর্পোরেশনের হড়গ্রাম বাজার নির্মাণার্থে ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে

সূত্র: ১. রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারকঃ ৪৬.১২.০০০০.০০৬.১৪.২২৫.২০২০.২৫৮

তারিখঃ ০৬/০২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের রাজশাহী সিটি কর্পোরেশনের হড়গ্রাম বাজার নির্মাণার্থে মোট ২.০৫৬৭ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্রের জন্য আবেদন করেছেন।

প্রস্তাবিত সংশোধিত ভূমির তফসিল নিম্নরূপঃ

জেলাঃ রাজশাহী, থানাঃ পবা, মৌজাঃ হড়গ্রাম, জেএল নং-৫১

ক্রমিক নং	আরএস দাগ নং	আরএস খতিয়ান নং	শ্রেণী	অধিগ্রহণের জন্য মোট পরিমাণ (একর)
০১	৪১৪০, ৪১৫৫, ৪১৫৬, ৪১৫২, ৪১৫৮, ৪১৫৯	১০২৯, ১৩, ১০, ৭৩৬, ৭৩৮	বাড়ী	২.০৫৬৭
০২	৪২৪৪, ৪১৬০, ৪২৪৫, ৪১৬৩, ৪২২৭, ৪২২৮, ৪২৬১, ৪১৫৭	৪৯৭, ৯০, ২৮৯, ৪	ভিটা, নালা	
০৩	৪১৬৪, ৪১৬৫, ৪১৬৬, ৪১৬৮, ৪১৬৯, ৪১৭০, ৪১৭১, ৪১৭২, ৪১৭৩, ৪১৭৪, ৪১৭৬	৯৫১, ৭৪, ১২, ৯২৬, ৯৮৮, ৯২০/১, ১৪, ৫৪৭, ১৫৭, ১১৬, ৬৪০	দোকান	
০৪	৪১৪১, ৪১৬৭	৬৯৬, ৯৫৬/১	মিল	
০৫	৪১৪২, ৪১৫৪	৬৩৩, ৬৩৩	মাটিয়াল	
০৬	৪১৬২	৭৩৮	পুকুর	
০৭	৪১৪৩	৬৩৩	আম বাগান	

সরজমিনে পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় যে, প্রস্তাবিত সাইটে বেশ কিছু আবাসিক ভবন, দোকানপাট এবং কিছু স্থান উন্মুক্ত রয়েছে। সাইট সংলগ্ন উত্তরে হড়গ্রাম শিব মন্দির ও আবাসিক এলাকা বিদ্যমান। দক্ষিণে ও পূর্বে কোর্ট হতে “কাশিয়াডাঙ্গা মোড় পর্যন্ত রাস্তা” এবং পশ্চিমে আবাসিক বিদ্যমান। সাইটের অদূরে দক্ষিণে প্রস্তাবিত বঙ্গবন্ধু হাইটেক পার্কের জন্য নির্ধারিত স্থান এবং সাইট হতে দক্ষিণ দিকে “কোর্ট হতে ভুলনপুর রাস্তা” বিদ্যমান। সাইটের অদূরে উত্তর পূর্ব দিকে হড়গ্রাম নিউমার্কেট অবস্থিত। Metropolitan Development Plan RMDP (2004-2024) তে, প্রস্তাবিত ভূমির বিদ্যমান ভূমি ব্যবহার হিসেবে Business and Mercantile, Industrial and Storage, Mixed Use, Residential Homesteads Road এবং Water Body ও প্রস্তাবিত ভূমি ব্যবহার হিসেবে Existing Road, Industrial and Storage, Mixed Use, Residential/ Homestead এবং Water Body হিসেবে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের রাজশাহী সিটি কর্পোরেশনের হড়গ্রাম বাজার নির্মাণার্থে প্রস্তাবিত দাগে সরজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে মোট ২.০৫৬৭ একর ভূমি অধিগ্রহণের জন্য নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

শর্তাবলী


১। প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন/বিধিমালা/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে

- ২। উক্ত সাইট সংলগ্ন রাস্তায় কোন অবস্থাতেই যেন যানজট সৃষ্টি না হয় সে বিষয়ে প্রত্যাশী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩। প্রস্তাবিত সাইট সংলগ্ন সড়কে বাজারের জন্য পণ্য পরিবহনকারী যানবাহন এবং অন্যান্য যানবাহনের নিরাপদ ও নির্বিঘ্ন যোগাযোগ ব্যবস্থায় নিশ্চিত করণের লক্ষ্যে প্রত্যাশী সংস্থাকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহযোগিতায় পার্শ্ববর্তী এলাকার জন্য **Traffic Management Plan** প্রণয়ন করতে হবে এবং তা চলমান **Rajshahi Metropolitan Development Plan** এর সাথে সাথে সমন্বয় করতে হবে।
- ৪। পরিবেশ সুরক্ষা এবং স্বাস্থ্যগত ঝুঁকি এড়ানোর লক্ষ্যে বাজারে উৎপন্ন যাবতীয় বর্জ্য প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে সংগ্রহ করে তা নির্ধারিত ডাস্টবিন (**Dumping Station**) স্থানান্তর করতঃ যথাযথ বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।
- ৫। বাজারের কার্যক্রম চলাকালীন সময়ে এর পার্শ্ববর্তী এলাকায় বিদ্যমান সামাজিক প্রতিষ্ঠান সমূহের (সকল শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, খানকাহ, মন্দির, গির্জা ইত্যাদি) কার্যক্রমে কোন রূপ বিঘ্ন সৃষ্টি না হয় সে ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬। বাজারের আভ্যন্তরীণ পানি নিষ্কাশন নিশ্চিত করণের লক্ষ্যে সংশ্লিষ্ট সাইটের জন্য বিশেষ ড্রেনেজ ব্যবস্থাপনা/পরিকল্পনা প্রণয়ন করে তা রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের চলমান **Rajshahi Metropolitan Development Plan** এর সাথে সমন্বয় সাধন করে সুষ্ণ পানি প্রবাহ/নিষ্কাশন নিশ্চিত করতে হবে যাতে পার্শ্ববর্তী এলাকাসমূহে কোনরূপ জলাবদ্ধতার সৃষ্টি না হয়।
- ৭। প্রস্তাবিত সাইটে বিদ্যমান বা সংলগ্ন কোন জলাধার (**Water Body**) বিনষ্ট বা ভরাট না করে উহা সংরক্ষণ করতে হবে

উল্লেখ্য যে, এই অনাপত্তি রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের রাজশাহী সিটি কর্পোরেশনের হড়গ্রাম বাজার নির্মাণার্থে প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি:

০১. পরিদর্শন প্রতিবেদন
০২. প্রস্তাবিত ভূমির সাইট প্ল্যান
০৩. RMDP অনুযায়ী প্রকল্প এলাকার বিদ্যমান ভূমি ব্যবহার ম্যাপ
০৪. RMDP অনুযায়ী প্রকল্প এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ
০৫. প্রস্তাবিত এলাকার Google Map
০৬. রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্র



২৬-৫-২০২২

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

এ.বি.এম. শরীফ উদ্দিন, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি

কর্পোরেশন

পূর্ত বিভাগ, নগর ভবন, রাজশাহী


স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৫১/১(৫)

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯

২৬ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



২৬-৫-২০২২
মোহসিনাত নাসরিন
প্ল্যানার